

💵 ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ কিতাবুল হজ্জ রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

প্রশ্ন: (৫১১) উমরা করে জনৈক লোক নিজ দেশে গিয়ে মাথা মুণ্ডন করেছে। তার উমরার বিধান কী?

উত্তর: বিদ্বানগণ বলেন, মাথা মুণ্ডন করার জন্য নির্দিষ্ট কোনো স্থান নেই। মক্কা বা মক্কা ছাড়া অন্য কোনো স্থানে মুণ্ডন করলে কোনো অসুবিধা নেই। কিন্তু মাথা মুণ্ডন করার ওপর ইহরাম থেকে মুক্ত হওয়া নির্ভর করছে। তাছাড়া মুণ্ডন করার পর বিদায়ী তাওয়াফ করতে হবে। উমরার কাজগুলোর ধারাবাহিকতা এ রকম: ইহরাম, তাওয়াফ, সা'ঈ, মাথা মুণ্ডন বা ছোট করা এবং উমরার কাজ শেষ করার পর মক্কায় অবস্থান করলে বিদায়ী তাওয়াফ করা। কিন্তু উমরার কাজ শেষ করে মক্কায় অবস্থান না করলে বিদায়ী তাওয়াফের দরকার নেই। অতএব, মক্কায় অবস্থান করতে চাইলে উমরার কাজ শেষ করে মক্কাতেই তাকে মাথা মুণ্ডন বা চুল ছোট করতে হবে। কারণ, তাকে এরপর বিদায়ী তাওয়াফ করতে হবে। কিন্তু তাওয়াফ-সা'ঈ শেষ করার সাথে সাথেই যদি মক্কা থেকে বের হয়ে থাকে, তবে নিজ দেশে বা শহরে গিয়ে মাথা মুণ্ডন বা চুল খাটো করতে পারে। কিন্তু সেই সময় পর্যন্ত তাকে ইহরাম অবস্থাতেই থাকতে হবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1185

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন